রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, অক্টোবর ৫, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাণিজ্য মন্ত্রণালয়**
**আইন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/৪ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-৩০২-আইন/২০১৬।**—চা আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৮ নং আইন) এর ধারা ৩৬, ধারা ২২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা চা আমদানি লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) **'আইন'** অর্থ চা আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৮ নং আইন);

(২) **'আমদানিকারক'** অর্থ Importers, Exporters and Indentors (Registration) Order, 1981এর paragraph 2 এর clause (f) এ সংজ্ঞায়িত Importers;

(৩) **'লাইসেন্স'** অর্থ আইন ও এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স;

(৪) **'ফরম'** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম।

(২) যে সকল শব্দ বা অভিব্যক্তি এই বিধিমালায় ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে এই বিধিমালায়ও সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **লাইসেন্স কর্তৃপক্ষ।**—আইনের ধারা ২২ এর উদ্দেশ্য পূরণকল্পে, চা আমদানির ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে বোর্ড।

৪। **লাইসেন্সের জন্য আবেদন।**—আইন ও এই বিধিমালার অধীন চা আমদানির জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট ফরম-ক তে আবেদন করিতে হইবে।

৫। **লাইসেন্স ফি।**—(১) চা আমদানির লাইসেন্সের জন্য লাইসেন্স ফি হইবে ৫০০/- (পাঁচশত) টাকা।


**মূল্য :** টাকা ৮ ·০০

(২) আইন ও এই বিধিমালার অধীন লাইসেন্সের জন্য আবেদনকারীকে বোর্ডের অনুকূলে কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে লাইসেন্স ফি প্রদান করিতে হইবে।

৬। **লাইসেন্স ইস্যু, ইত্যাদি**।—(১) বিধি ৪ এর অধীন লাইসেন্সের জন্য কোন আবেদন প্রাপ্তির পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ, উক্ত আবেদন এবং উহার সহিত দাখিলকৃত তথ্য ও কাগজপত্র যাচাই-বাছাই ও পরীক্ষান্তে উক্ত আবেদন গ্রহণ বা বাতিল করিতে পারিবে।

(২) লাইসেন্সের জন্য আবেদন বিবেচনার সুবিধার্থে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে অতিরিক্ত তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদন দাখিলের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে উহা মঞ্জুর বা নামঞ্জুরের সিদ্ধান্ত প্রদান করিবে এবং আবেদন নামঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইলে উক্তরূপ সিদ্ধান্ত গ্রহণের ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে তদসম্পর্কে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন আবেদন মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ ফরম-খ তে লাইসেন্স ইস্যু করিবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ তদকর্তৃক ইস্যুকৃত প্রতিটি লাইসেন্সের অনুলিপি সংরক্ষণ করিবে।

৭। **লাইসেন্সের মেয়াদ**।—চায়ের প্রতিটি কনসাইনমেন্ট জাহাজিকরণ হইতে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক খালাস করা পর্যন্ত মেয়াদে লাইসেন্স বহাল থাকিবে।

৮। **লাইসেন্সের শর্ত ও লাইসেন্স গ্রহীতা কর্তৃক অনুসরণীয় কার্যাদি**।—(১) বিধি ৬ এর অধীন লাইসেন্স ইস্যুর সময় লাইসেন্সিং কর্তৃপক্ষ আইন ও এই বিধিমালার সহিত সঙ্গাতিপূর্ণ যে কোন শর্ত আরোপ করিতে পারিবে এবং উক্তরূপ যে কোন শর্ত আরোপ করা হইলে লাইসেন্স গ্রহীতা উহা প্রতিপালন করিতে বাধ্য থাকিবে।

(২) লাইসেন্স গ্রহীতা কর্তৃক অনুসরণীয় কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) দেশে চা আমদানির জন্য প্রত্যেক আমদানিকারককে আমদানিতব্য চায়ের প্রতিটি কনসাইনমেন্টের জন্য জাহাজিকরণের পূর্বে আইনের ধারা ২২ এ উল্লিখিত তথ্যাদি অর্থাৎ উৎপাদনকারী ও রপ্তানিকারক দেশের নাম, চায়ের প্রকার, পরিমাণ, আমদানি মূল্য, দেশে আনয়নের পর উহার ব্যবহার সংক্রান্ত তথ্যাদি প্রদান করিতে হইবে।

(খ) আমদানিকৃত চায়ের চালান কাস্টমস কর্তৃপক্ষ খালাসের পর ১৪(চৌদ্দ) দিনের মধ্যে ফরম-গ অনুযায়ী খালাসকৃত চায়ের তথ্যাদি বোর্ডের নিকট দাখিল করিতে হইবে।

(গ) চা আমদানির ক্ষেত্রে Imports And Exports (Control) Act, 1950 এর অধীন, সময় সময়, জারীকৃত আমদানি নীতি আদেশ অনুসরণ করিতে হইবে।

৯। **ডুপ্লিকেট লাইসেন্স**।—কোন লাইসেন্স হারাইয়া গেলে বা উহা কোনভাবে বিনষ্ট হইলে লাইসেন্সী মূল লাইসেন্স ফি এর ১০% ফিসহ আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ ডুপ্লিকেট লাইসেন্স প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ জাফরুল ইসলাম আজিজি**
উপসচিব।

**ফরম-ক**

[বিধি-৪ দ্রষ্টব্য]

**বাংলাদেশ চা বোর্ড**

প্রধান কার্যালয়

১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড

নাসিরাবাদ, চট্টগ্রাম

উপ-পরিচালক (বাণিজ্য)
বাংলাদেশ চা বোর্ড
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।

বিষয় : চা আমদানির লাইসেন্স এর জন্য আবেদন।

আমি/আমরা ব্যবসায়িক প্রয়োজনে নিম্নে উল্লিখিত পরিমাণ চা আমদানি করিতে ইচ্ছুক। উক্ত পরিমাণ চা আমদানির লাইসেন্স প্রদান করার জন্য অনুরোধ করা হইল:

১। (ক) আমদানিকারক ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :
(খ) আমদানিকারকের পূর্ণ ঠিকানা :
(গ) ফোন/মোবাইল নম্বর :
(ঘ) ফ্যাক্স নম্বর :
(ঙ) আমদানি নিবন্ধন নং :
(চ) বাংলাদেশের কোন বন্দর দিয়ে চা আমদানি হইবে :
(ছ) টি আই এন নম্বর :

২। চা উৎপাদনকারী দেশের নাম :

৩। রপ্তানিকারক দেশের নাম :

৪। আমদানিতব্য চায়ের বিবরণ :

| চায়ের প্রকার | বাক্সের সংখ্যা | নীট ওজন (কেজি) | আমদানি মূল্য (এফওবি-কেজি/টাকা) |
|---|---|---|---|
| | | | |

৫। আমদানির উদ্দেশ্য :

৬। ফি বাবদ প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর বিবরণ :
(ক) টাকার অংক :
(খ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং ও তারিখ :
(গ) ব্যাংক এর নাম ও শাখা :

৭। সংযুক্ত আমদানি সংশ্লিষ্ট দলিলাদির কপি ও বিবরণ :

আবেদনকারীর স্বাক্ষর ও
সীলমোহর

**ফরম-খ**

[বিধি-৬(৪) দ্রষ্টব্য]

**বাংলাদেশ চা বোর্ড**

প্রধান কার্যালয়

১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড

নাসিরাবাদ, চট্টগ্রাম

চা আমদানির জন্য লাইসেন্স

চা আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৮ নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে মেসার্স ..............................................আমদানি নিবন্ধীকরণ নং.......................... কে নিম্নেবর্ণিত .......................... কেজি চা............................... (রপ্তানিকারক দেশ) হইতে ফরম-ক এর ৫নং অনুচ্ছেদে বিধৃত উদ্দেশ্য সাধনের নিমিত্ত বাংলাদেশে চা আমদানির জন্য নিম্নোক্ত শর্তে অনুমতি প্রদান করা হইল:

| চায়ের প্রকার | বাক্সের সংখ্যা | নীট ওজন (কেজি) | আমদানি মূল্য (এফওবি-কেজি/টাকা) |
|---|---|---|---|
| | | | |

শর্ত : চা আইন, ২০১৬ এর ২২(২) ধারা অনুসারে..................................... কে আমদানিকৃত চায়ের চালান কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক খালাসের পর ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে রপ্তানিকারক দেশের নাম, চায়ের গ্রেড, পরিমাণ, আমদানী মূল্য ও ব্যবহার সম্পর্কিত তথ্যাদি বোর্ডের নিকট প্রেরণ করিতে হইবে।

ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর ও
সীলমোহর

**ফরম-গ**

[বিধি-৮(২)(খ) দ্রষ্টব্য]

**বাংলাদেশ চা বোর্ড**

প্রধান কার্যালয়

১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড

নাসিরাবাদ, চট্টগ্রাম

উপ-পরিচালক (বাণিজ্য)
বাংলাদেশ চা বোর্ড
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।

বিষয় : আমদানি ও খালাসকৃত চায়ের তথ্যাদি প্রেরণ।

বাংলাদেশ চা বোর্ডের ...................... তারিখের ............................. নং লাইসেন্স মূলে আমদানিকৃত.................... কেজি চা .................... তারিখে .....................বন্দরে খালাস করা হয়। উক্ত খালাসকৃত চায়ের বিবরণ নিম্নরূপ :

১। (ক) আমদানিকারক ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :
(খ) আমদানিকারকের পূর্ণ ঠিকানা :
(গ) ফোন/মোবাইল নম্বর :
(ঘ) ফ্যাক্স নম্বর :
(ঙ) আমদানি নিবন্ধন নং :

২। চা উৎপাদনকারী দেশের নাম :

৩। রপ্তানিকারক দেশের নাম :

৪। খালাসকৃত চায়ের বিবরণ :

| চায়ের প্রকার | বাক্সের সংখ্যা | নীট ওজন (কেজি) | আমদানি মূল্য (এফওবি-কেজি/টাকা) |
|---|---|---|---|
| | | | |

৫। আমদানিকৃত চা ব্যবহারের পরিকল্পনা (সময়ভিত্তিক) :

আমদানিকারক/প্রতিনিধির স্বাক্ষর ও
সীলমোহর

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd